গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
মাদারীপুর
(সাধারণ শাখা)

স্মারক নম্বর: ০৫.৪১.৫৪০০.১০৭.০১.০৩৯.২৩- ২৬

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯ / ১৯ মার্চ ২০২৩

(বিজ্ঞপ্তি)

(খসড়া ভোটার তালিকা প্রকাশ সংক্রান্ত)

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচনের লক্ষ্যে এতদ্বারা আমি জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও রিটার্নিং অফিসার, জেলা কমান্ড নির্বাচন, মাদারীপুর জেলার খসড়া ভোটার তালিকা প্রকাশ করিতেছি।

০২। উক্ত ভোটার তালিকায় কোন মৃত মুক্তিযোদ্ধার নাম অন্তর্ভুক্ত থাকিলে অথবা ভোটার তালিকায় কোন ডুপ্লিকেট নাম থাকিলে অথবা করণিক ত্রুটি থাকিলে শুধুমাত্র ভোটারগণকে অত্র বিজ্ঞপ্তি প্রকাশনার তারিখ হইতে পরবর্তী সময় ২২/০৩/২০২৩ (বুধবার) তারিখের মধ্যে অফিস সময়ে রিটার্নিং অফিসারের কার্যালয়ে দরখাস্ত করিতে হইবে (স্ব-স্ব উপজেলার ভোটারগণ স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাবি, আপত্তি এবং সংশোধনীর আবেদন দাখিল করিবেন)।

বি. দ্র. অফিস সময়ে রিটার্নিং অফিসারের কার্যালয়ে খসড়া ভোটার তালিকা দেখা যাইবে।

স্থান : মাদারীপুর
তারিখ : ১৯/০৩/২০২৩

১৯/০৩/২০২৩

(মোহাম্মদ সাইফুল ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
রিটার্নিং অফিসার
জেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
মাদারীপুর

স্মারক নম্বর: ০৫.৪১.৫৪০০.১০৭.০১.০৩৯.২৩- ২৬

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯ / ১৯ মার্চ ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। প্রধান সমন্বয়কারী, নির্বাচন কমিশন কার্যালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, ঢাকা।
০৫। পুলিশ সুপার, মাদারীপুর।
০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মাদারীপুর ও সহকারী রিটার্নিং অফিসার, জেলা কমান্ড নির্বাচন, মাদারীপুর।
০৭। জেলা তথ্য অফিসার, মাদারীপুর।
০৮। ---------- (সংশ্লিষ্ট সকল)।
০৯। সভাপতি/সাধারণ সম্পাদক ---------- প্রেস ক্লাব, মাদারীপুর।
১০। সি এ টু ডিসি, মাদারীপুর (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি।

১৯/০৩/২০২৩

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
রিটার্নিং অফিসার
জেলা কমান্ড নির্বাচন
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মাদারীপুর জেলা কমান্ড নির্বাচন ২০২২-২৩
www.madaripur.gov.bd

স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১০৭.০৫.০১০.২৩- ৭৭

তারিখ : ০২ চৈত্র ১৪২৯ / ১৬ মার্চ ২০২৩

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযুদ্ধ সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি মোহাম্মদ সাইফুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও রিটার্নিং অফিসার, এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে।

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ		সময়কাল
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	:	১৯/০৩/২০২৩ (রবিবার)
০২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	:	২২/০৩/২০২৩ (বুধবার)
০৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	:	২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
০৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	:	০২/০৪/২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল:

ক্রমিক	বিবরণ		সময়কাল
০১	মনোনয়নপত্র দাখিলের তারিখ	:	০৫/০৪/২০২৩ (বুধবার)
০২	মনোনয়নপত্র বাছাই	:	০৯/০৪/২০২৩ (রবিবার)
০৩	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	:	১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
০৪	আপিল নিষ্পত্তির তারিখ	:	১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
০৫	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ		১৬/০৪/২০২৩ (রবিবার)
০৬	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ		১৭/০৪/২০২৩ (সোমবার)
০৭	প্রতীক/ ব্যালট নম্বর প্রদানের তারিখ		১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
০৮	ভোট গ্রহণের তারিখ		১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯:০০টা হতে বিকাল ০৪:০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হইতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা কমান্ড এর নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে তফশিলে বর্ণিত নির্ধারিত তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও রিটার্নিং অফিসারের কার্যালয়, মাদারীপুর এ মনোনয়নপত্র গৃহীত হইবে। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যম অনুষ্ঠিত হইবে।

তারিখ:	১	৬	দিন	০	৩	মাস	২	০	২	৩	বৎসর

নির্বাচনী এলাকার নাম: মাদারীপুর জেলা কমান্ড, মাদারীপুর।

(মোহাম্মদ সাইফুল ইসলাম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
মাদারীপুর
ও
রিটার্নিং অফিসার
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মাদারীপুর জেলা কমান্ড নির্বাচন ২০২২-২৩